

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০০০.০১১.৩৪.০০১.২৫.৮৮৩

তারিখ: ১০ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ।
২৩ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ।

‘অফিস আদেশ’

এতদ্বারা সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত কর্মকর্তা (প্রথম শ্রেণি ব্যতীত), কর্মচারী এবং আনসার ব্যাটালিয়ন সদস্য-সদস্যগণকে দাপ্তরিক দায়িত্বের পাশাপাশি দেশের অভ্যন্তরে উচ্চ শিক্ষা গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সদর দপ্তর, প্রশাসন শাখা বরাবর আবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

শর্তাবলীঃ

- ক. ১৫০ টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প-এ নিম্নবর্ণিত শর্তাবলী উল্লেখপূর্বক অঙ্গীকার নামা প্রদান করতে হবে;
 ১. অধ্যয়নের জন্য শিক্ষা ছুটি বা ডেপুটেশন দাবী করা যাবে না;
 ২. অধ্যয়নজনিত কারণে দাপ্তরিক কাজকর্মে বিঘ্ন সৃষ্টি করা যাবে না;
 ৩. অফিস সময়ে অধ্যয়নের অজুহাতে অফিস ত্যাগ করা যাবে না;
 ৪. অধ্যয়নের ক্ষেত্রে সরকারি/দাপ্তরিক কোন রকম সুবিধাদি গ্রহণ করা যাবে না;
 ৫. পদায়ন/বদলী হলে তা অধ্যয়নের অজুহাতে পরিবর্তন বা স্থগিত করার উদ্যোগ গ্রহণ করা যাবে না;
 ৬. অধ্যয়নের জন্য সরকারি/দাপ্তরিক কোন রকম আর্থিক সুবিধা গ্রহণ করা যাবে না;
 ৭. কোন কলেজ/বিশ্ববিদ্যালয়/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের অনুমতি গ্রহণের পর শিক্ষা প্রতিষ্ঠান বা কোর্স পরিবর্তন করা যাবে না এবং
 ৮. কর্তৃপক্ষ যে কোন সময় কোন কারণ উল্লেখ ব্যতিরেকে এ অনুমতি প্রত্যাহার করতে পারবেন।
- খ. আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে;
 ১. চাকুরির নিয়োগ আদেশ (সত্যায়িত);
 ২. চাকুরিতে প্রবেশের পর কোন উচ্চ শিক্ষা গ্রহণ করে থাকলে তার প্রশাসনিক আদেশ (সত্যায়িত);
 ৩. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (সত্যায়িত);
 ৪. ভর্তি সংক্রান্ত সার্কুলার, প্রত্যয়নপত্র ও ভর্তি রশিদ ইত্যাদি।
- ২। স্মারক নং-আনসার-ভিডিপি/প্রশাসন/৮০২০ (০৭)/১১২৯, তারিখ: ০৯/০৭/২০০৭ খ্রি. মূলে জারিকৃত উচ্চ শিক্ষা সংক্রান্ত অফিস আদেশটি এতদ্বারা বাতিল করা হলো।
- ৩। কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারিকৃত এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।


২৭-০৪-২০২৫
মোঃ আবু বকর সিদ্দিক, বিডিএমএস
বিএডি-১২০১৭৮
উপপরিচালক (প্রশাসন)
মুঠোফোন: ০১৭৩০০৩৮০১২
ই-মেইল: ddadmin@ansarvdp.gov.bd

